

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩ উমেশ দত্ত রোড, বকশি বাজার, ঢাকা-১২১১
www.prison.gov.bd

স্মারক নং-৪৪.০৪.০০০০.০২৭.০২.০৬৫.২০২৬- ১০৮০(৭৮)

তারিখ- ০১ ভাদ্র'১৪৩৩ / ১৬ আগস্ট'২০২৬

বিষয়: **কারাগারে বন্দিদের ব্যবহৃত টিভির সকল পোর্ট ধ্বংস/নিষ্ক্রিয়করণ প্রসঙ্গে।**

অতি সম্প্রতি একজন মৃত্যুদণ্ডাদেশপ্রাপ্ত বন্দির সেল থেকে কিছু সরঞ্জাম উদ্ধার করা হয়েছে, যার মাধ্যমে জানা যায় যে, উক্ত বন্দি স্মার্ট টিভির পোর্ট ব্যবহার করে ইন্টারনেট সংযোগ স্থাপন এবং কারাগারের বাইরে যোগাযোগের চেষ্টা করেছে। এ ধরনের কর্মকাণ্ড কারা নিরাপত্তা ও বন্দি ব্যবস্থাপনার জন্য অত্যন্ত ঝুঁকিপূর্ণ এবং কোনোভাবেই গ্রহণযোগ্য নয়।

উল্লেখ্য, কারাগারে আটক বন্দিরা যাতে স্মার্ট টিভির কোনো পোর্ট ব্যবহার করে অননুমোদিতভাবে ইন্টারনেট, ডাটা বা অন্য কোনো বাহ্যিক যোগাযোগ ব্যবস্থা স্থাপন করতে না পারে সে লক্ষ্যে ইতঃপূর্বে কারা সদর দপ্তর হতে নির্দেশনা প্রদান করা হয়েছিল।

কারাগারের নিরাপত্তা ব্যবস্থা আরও সুদৃঢ় করার লক্ষ্যে কারাগারে বন্দিদের ব্যবহারের জন্য স্থাপিত সকল টিভির HDMI, USB, LAN/Ethernet, Optical Audio/Digital Audio Out-সহ বিদ্যমান সকল পোর্ট স্থায়ীভাবে ধ্বংস/নিষ্ক্রিয় করার জন্য ইতঃপূর্বে জারিকৃত নির্দেশনা পুনর্ব্যক্ত করা হলো। কোনো অবস্থাতেই বন্দিদের দ্বারা উক্ত পোর্টসমূহ ব্যবহার করার সুযোগ রাখা যাবে না।

সংশ্লিষ্ট সকল কারা কর্তৃপক্ষকে বিষয়টি অত্যন্ত গুরুত্বের সঙ্গে গ্রহণ করে আগামী ০৭ (সাত) দিনের মধ্যে নিজ নিজ কারাগারে উক্ত নির্দেশনার বাস্তবায়ন নিশ্চিত করতে এবং বাস্তবায়নের বিস্তারিত প্রতিবেদন কারা সদর দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

একই সঙ্গে, ভবিষ্যতে যাতে কারাগারে স্থাপিত কোনো ইলেকট্রনিক ডিভাইসের পোর্ট বা সংযোগ ব্যবস্থা বন্দিদের দ্বারা অননুমোদিতভাবে ব্যবহারের সুযোগ সৃষ্টি না হয় সে বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সর্বোচ্চ সতর্কতা অবলম্বনের জন্য নির্দেশ প্রদান করা হলো।

১৬/০৮/২০২৬

মোঃ জাহাঙ্গীর কবির
অতিরিক্ত কারা মহাপরিদর্শক
পক্ষে-কারা মহাপরিদর্শক
☏- ০২২৬৬৪৯৯০০ (দপ্তর)।

সিনিয়র জেল সুপার/জেল সুপার
সকল কেন্দ্রীয়/জেলা কারাগার।

কার্যার্থে অনুলিপিঃ

১। কারা উপ মহাপরিদর্শক, সকল বিভাগ, সকল সদর দপ্তর।
২। সহকারী কারা মহাপরিদর্শক (সকল), কারা অধিদপ্তর, ঢাকা।
৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা, প্রিজন্স ইন্টেলিজেন্স ইউনিট, কারা অধিদপ্তর, ঢাকা।
৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারা অধিদপ্তর, ঢাকা।
৫। উপ সহকারী কারা মহাপরিদর্শক (অপারেশন), কারা অধিদপ্তর, ঢাকা।
৬। ব্যক্তিগত সহকারী (সকল), কারা মহাপরিদর্শক/অতিরিক্ত কারা মহাপরিদর্শক/কারা উপ মহাপরিদর্শক মহোদয়দের সদয় অবগতির জন্য।

Pory-01-013-26(Monowar